গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৫/২০১৯-২০২০
ঢাকা, ৩ নভেম্বর রোববার ২০১৯, ১৮ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শোকাবহ জেল হত্যা দিবস আজ
২। যুগোপযোগী সমবায়ে প্রযুক্তির ব্যবহার জরুরি : সমবায় দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ২৭ লাখ কম্বল প্রদান করেছে বিএবি
৪। যুব সমাজকে শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করতে হবে : স্পিকার
৫। নতুন সড়ক পরিবহণ আইন পুরোপুরি বাস্তবায়িত হলে সড়ক দুর্ঘটনা কমে যাবে : সেতুমন্ত্রী
৬। নতুন সড়ক আইন কার্যকর করতে সকলের সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী
৭। অধ্যাপক রফিকুল ইসলাম অনন্য কর্মবীর : তথ্যমন্ত্রী
৮। সারাদেশে একযোগে জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু
প্রশ্নফাঁস রোধে সতর্ক সব গোয়েন্দা সংস্থা : শিক্ষামন্ত্রী
৯। কক্সবাজারে শেষ হলো বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ ডায়ালগ :
রোহিঙ্গা ইস্যুতে ভারতকে কার্যকর ভূমিকার আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর
১০। প্রযুক্তির উন্নয়ন হচ্ছে মানুষের কল্যাণের জন্য : পরিকল্পনামন্ত্রী
১১। স্বেচ্ছায় নিরাপদ রক্তদান ও মরণোত্তর চক্ষুদানে এগিয়ে আসার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর
১২। স্বাস্থ্যসেবা নিয়ে দুর্নীতি সহ্য করা হবে না : গণপূর্তমন্ত্রী
১৩। বৈশ্বিক উষ্ণতা রোধে বৃক্ষরোপণ করুন : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১৪। বাংলাদেশে জঙ্গি হামলার ঘটনা কমেছে : সন্ত্রাসবাদ নিয়ে যুক্তরাষ্ট্রের প্রকাশিত প্রতিবেদন

চলমান পাতা-২

১। **শোকাবহ জেল হত্যা দিবস আজ**

আজ ৩ নভেম্বর, শোকাবহ জেলহত্যা দিবস। ১৯৭৫ সালের ৩ নভেম্বর মধ্যরাতে ঢাকা কেন্দ্রীয় কারাগারের নির্জন প্রকোষ্ঠে জাতীয় চার নেতা বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, মুক্তিযুদ্ধকালিন অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ, মন্ত্রিসভার সদস্য ক্যাপ্টেন এম মনসুর আলী এবং এ এইচ এম কামারুজ্জামানকে নির্মম ও নৃশংসভাবে হত্যা করা হয়। জেল হত্যা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে ধানমন্ডিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তাবক অর্পণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। **যুগোপযোগী সমবায়ে প্রযুক্তির ব্যবহার জরুরি : সমবায় দিবসের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমবায়ের মাধ্যমে দেশের উন্নয়নে যুগোপযোগী সমবায় ব্যবস্থাপনা গড়ে তোলার জন্য আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, বর্তমান যুগে ডিজিটাল বাংলাদেশে তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে আমরা আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ব্যবস্থাপনা গড়ে তুলে সমবায়ের মাধ্যমেই আমাদের দেশের উন্নয়ন করতে পারব। তিনি বলেন, সমবায়ের কাজে যারা দক্ষ তাদের প্রশিক্ষণ দিতে হবে এবং সৎভাবে তারা যেন কাজ করে, সে বিষয়ে আমাদের গুরুত্ব দিতে হবে। তবেই জাতির পিতার স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলাদেশ আমরা গড়ে তুলতে সক্ষম হব। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২ নভেম্বর শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৪৮তম জাতীয় সমবায় দিবস-২০১৯ উদ্‌যাপন এবং জাতীয় সমবায় পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তাঁর সরকার 'উন্নত জাতের গাভি পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' প্রকল্প বাস্তবায়ন করছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এর মাধ্যমে প্রত্যেক নারী উদ্যোক্তাকে সুদবিহীন, জামানতবিহীন, দীর্ঘমেয়াদি ১ লাখ ২০ হাজার টাকা করে ঋণ দেওয়া হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), সমকাল (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ২৭ লাখ কম্বল প্রদান করেছে বিএবি**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার জনগণের মধ্যে ব্যাংক ব্যবহারের সুযোগ সৃষ্টি করেছে। রাষ্ট্রায়ত্ত এবং বেসরকারি ব্যাংক উভয়ই এর থেকে সুবিধা পাচ্ছে। গতকাল (২ নভেম্বর শনিবার) গণভবনে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকের (বিএবি) কম্বল প্রদান অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বিএবি'র আওতাধীন ৩৬টি ব্যাংক ২৭ লাখ পিস কম্বল প্রদান করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

৪। **যুব সমাজকে শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করতে হবে : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, যে কোনো জাতির মূল সামর্থ্য হলো যুবশক্তি। বাংলাদেশের তরুণ প্রজন্মের রয়েছে সামর্থ্য। একে কাজে লাগাতে প্রয়োজন সুযোগ। এক্ষেত্রে করপোরেট হাউসগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। বিশ্বায়নের নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় যুব সমাজকে যুগোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তুলতে হবে। গতকাল (২ নভেম্বর শনিবার) রাজধানীর র‍্যাডিসন ব্লুতে মোবাইল অপারেটর বাংলালিংক এর এক অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫)।

৫। **নতুন সড়ক পরিবহণ আইন পুরোপুরি বাস্তবায়িত হলে সড়ক দুর্ঘটনা কমে যাবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নতুন সড়ক পরিবহণ আইন পুরোপুরি বাস্তবায়িত হলে দুর্ঘটনা কমে যাবে। এতে সড়কে শৃঙ্খলা ফিরে আসবে। আইনটি কার্যকর করার জন্য সারাদেশে সচেতনতামূলক প্রচার চালানো হচ্ছে। আগামী সাত দিন প্রচার চালানো হবে। এ সময় কোনো পরিবহণের বিরুদ্ধে মামলা করা হবে না। গতকাল (২ নভেম্বর শনিবার) ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের নারায়ণগঞ্জের সাইনবোর্ড এলাকায় নতুন সড়ক পরিবহণ আইন বাস্তবায়ন নিয়ে বিআরটিএ'র কার্যক্রম পরিদর্শনে এসে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৬। **নতুন সড়ক আইন কার্যকর করতে সকলের সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, সড়ক পরিবহণের নতুন আইন উচ্চহারে জরিমানা আদায়ের জন্য নয়। তিনি বলেন, পথচারীসহ পরিবহণসংশ্লিষ্ট সবাইকে আইন মানতে বাধ্য করতে ঐ আইন কার্যকর করা হয়েছে। জরিমানা আদায় করা মুখ্য বিষয় নয়। গতকাল (২ নভেম্বর শনিবার) ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রথম বর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পরিবহণ খাতে জড়িত সবার মতামতের ভিত্তিতে সড়ক পরিবহণ আইন সংশোধন করা হয়েছে। নতুন আইনের মাধ্যমে কেউ যাতে হয়রানির শিকার না হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সবাইকে সচেতন থাকার আহ্বান জানান তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩)।

**৭। অধ্যাপক রফিকুল ইসলাম অনন্য কর্মবীর : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম আমাদের সামনে একজন অনন্য কর্মবীর। নতুন প্রজন্মকে আত্মকেন্দ্রিক চিন্তা থেকে সরে এসে তাঁর মতো বরেণ্য ব্যক্তিত্বদের অনুসরণ করা উচিত। আগামী প্রজন্মের জন্য একটি উন্নত জাতি গঠনে যারা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন, তাদের সবক্ষেত্রেই সম্মান করা উচিত বলেও মন্তব্য করেন তিনি। গতকাল (২ নভেম্বর শনিবার) রাজধানীর শাহবাগে জাতীয় জাদুঘরে এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

**৮। সারাদেশে একযোগে জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু**
**প্রশ্নফাঁস রোধে সতর্ক সব গোয়েন্দা সংস্থা : শিক্ষামন্ত্রী**

সারাদেশে একযোগে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হয়েছে গতকাল (২ নভেম্বর শনিবার)। এতে অংশ নেয় ২৩ লাখ ৮২ হাজার ৭৯৪ শিক্ষার্থী। অনুপস্থিত ছিল ৬৬ হাজার ১৯৪ জন। এ পরীক্ষার মধ্য দিয়ে ময়মনসিংহ বোর্ডের অধীনে প্রথম পরীক্ষা শুরু হলো। গতকাল প্রথম দিন অনুষ্ঠিত হয় জেএসসির বাংলা এবং জেডিসির কোরআন মাজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা। পরীক্ষা শেষ হবে আগামী ১৩ নভেম্বর। গতকাল (২ নভেম্বর শনিবার) পরীক্ষাকেন্দ্র পরিদর্শনে গিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বিগত সময়ে একটি চক্র সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নফাঁসের গুজব ছড়িয়ে মানুষের সঙ্গে প্রতারণা করেছে। প্রশ্নফাঁসের কথা বলে টাকা-পয়সা হাতিয়ে নিয়েছে সাধারণ মানুষের কাছ থেকে। এবার এ ব্যাপারে আমাদের গোয়েন্দা সংস্থাগুলো যথেষ্ট সতর্ক রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৯। কক্সবাজারে শেষ হলো বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ ডায়ালগ :**
**রোহিঙ্গা ইস্যুতে ভারতকে কার্যকর ভূমিকার আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর**

রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করার জন্য ভারতকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। বাংলাদেশ-ভারত নবম ফ্রেন্ডশিপ ডায়ালগের সমাপনী অনুষ্ঠানে গতকাল (২ নভেম্বর শনিবার) প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। কক্সবাজারের ইনানীতে এক হোটেলে দুই দিনব্যাপী এ সংলাপ শেষ হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী বলেন, দক্ষিণ এশিয়ার নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশ ও ভারত একসঙ্গে কাজ করছে। বাংলাদেশ সব সন্ত্রাসের বিরুদ্ধে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.১)।

**১০। প্রযুক্তির উন্নয়ন হচ্ছে মানুষের কল্যাণের জন্য : পরিকল্পনামন্ত্রী**

প্রযুক্তির উন্নয়ন হচ্ছে মানুষের কল্যাণের জন্য। কিন্তু সব প্রযুক্তি মানুষের জন্য কল্যাণকর নয় বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। এ মুহূর্তে দারিদ্র্য বিমোচন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা জরুরি। তবে সেটা প্রযুক্তির মাধ্যমেই হতে হবে এমন নয় বলেও জানান পরিকল্পনামন্ত্রী। গতকাল (২ নভেম্বর শনিবার) রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে 'বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে বেসরকারি খাতের ভূমিকা' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১১। স্বেচ্ছায় নিরাপদ রক্তদান ও মরণোত্তর চক্ষুদানে এগিয়ে আসার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর**

স্বেচ্ছায় নিরাপদ রক্তদান ও মরণোত্তর চক্ষুদানে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেছেন, রক্তদান ভ্রাতৃত্ববোধ গভীর করে, সাম্প্রদায়িক সম্প্রীতি বাড়ায় এবং পারস্পরিক সহাবস্থান সুদৃঢ় করে। প্রতি চার মাস পরপর একজন সুস্থ মানুষ রক্তদান করতে পারে। একই সঙ্গে মরণোত্তর চক্ষুদানেও এগিয়ে আসতে হবে। মৃত্যুর পর চোখ কোনো কাজে লাগে না। সে চোখ দিয়ে একজন অন্ধ মানুষের চোখের আলো ফিরবে। সুতরাং অন্ধত্ব দূরীকরণে মরণোত্তর চক্ষুদানের বিকল্প নেই। গতকাল (২ নভেম্বর শনিবার) জাতীয় স্বেচ্ছায় রক্তদান ও মরণোত্তর চক্ষুদান দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** ( পৃ.২,ক.২)।

**১২। স্বাস্থ্যসেবা নিয়ে দুর্নীতি সহ্য করা হবে না : গণপূর্তমন্ত্রী**

স্বাস্থ্যখাতে কোনো প্রকার অনিয়ম-দুর্নীতি সহ্য করা হবে না বলে মন্তব্য করেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। তিনি বলেন, প্রতিটি হাসপাতালে পর্যাপ্ত চিকিৎসক নিয়োগ দেয়া হয়েছে এবং মানুষের প্যাথলজিক্যাল পরীক্ষার জন্য আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা হয়েছে। এরপরও কিছু অসৎ কর্মকর্তা-কর্মচারীর কারণে মানুষ বাইরের প্যাথলজিতে স্বাস্থ্য পরীক্ষা করাতে বাধ্য হচ্ছেন। অফিস সময়ে কিছু চিকিৎসক কর্মস্থলের বাইরে ক্লিনিকে চিকিৎসা দিতে যান বলেও অভিযোগ রয়েছে। গতকাল (২ নভেম্বর শনিবার) পিরোজপুরের স্বরূপকাঠি স্বাস্থ্য কমপ্লেক্সের ব্যবস্থাপনা কমিটির সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**১৩। বৈশ্বিক উষ্ণতা রোধে বৃক্ষরোপণ করুন : মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বৈশ্বিক উষ্ণতা রোধে বেশি পরিমাণে বৃক্ষরোপণের আহ্বান জানিয়েছেন। মেহেরপুর জেলা প্রশাসন ও সমবায় বিভাগ আয়োজিত ৪৮তম জাতীয় সমবায় দিবস ২০১৯ উদ্‌যাপন উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭)।

**১৪। বাংলাদেশে জঙ্গি হামলার ঘটনা কমেছে : সন্ত্রাসবাদ নিয়ে যুক্তরাষ্ট্রের প্রকাশিত প্রতিবেদন**

আগের বছরের মতো ২০১৮ সালেও বাংলাদেশে জঙ্গি হামলার গতি ও তীব্রতা কমেছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্র। গত ১ নভেম্বর শুক্রবার মার্কিন পররাষ্ট্র দপ্তরের প্রকাশিত 'কান্ট্রি রিপোর্ট অন টেরোরিজম ২০১৮' প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। জঙ্গি ও জঙ্গিদের অভয়ারণ্য গড়ে তোলার বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি অব্যাহত রেখেছেন সরকার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর মিরপুর এলাকার রূপনগরে বেলুন ফোলানোর জন্য ব্যবহৃত গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়ে সাত শিশুর মৃত্যুর পর এ ধরনের অবৈধ ঝুঁকিপূর্ণ মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডার ব্যবহারের ক্ষেত্রে সচেতন হওয়ার পরামর্শ।

খ. **সমকাল, ভোরের কাগজ :** ধানমন্ডিতে একটি ফ্ল্যাটে গৃহকর্ত্রী ও গৃহকর্মীকে গলা কেটে হত্যা করার ঘটনার কথা উল্লেখ করে এ নির্মম ঘটনার কারণ খুঁজে বের করার পাশাপাশি যথাযথ আইনানুগ ব্যবস্থা ও জননিরাপত্তা নিশ্চিতকরণে নজর দেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে পেঁয়াজের দাম উল্লেখ করে পেঁয়াজ নিয়ে এ নৈরাজ্য বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **যুগান্তর :** রাজধানীসহ সারাদেশে সড়কে চাঁদাবাজি, অনিয়ম-দুর্নীতি ও বিশৃঙ্খলা তীব্র আকার ধারণ করেছে উল্লেখ করে মালিক-শ্রমিক ও সাধারণ মানুষ সচেতন না হলে সুশৃঙ্খল সড়ক নিশ্চিত করা সম্ভব হবেনা বলে মতপ্রকাশ।

ঙ. **সংবাদ :** সৌদি আরবে বাংলাদেশি শ্রমিকদের ধরপাকড় করে ফেরত পাঠানো ও বাংলাদেশি কর্মীদের ওপর নির্যাতন ও অস্বাভাবিক মৃত্যুর ঘটনা বন্ধে সংশ্লিষ্টদের ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** জনস্বাস্থ্য বিবেচনায় নিয়ে ভেজাল ওষুধের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ছ. **নিউজ টুডে :** দেশের উন্নয়নে কারিগরি শিক্ষায় জোর দেওয়ার পরামর্শ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিশু, কিশোর ও তরুণদের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তুললে সামাজিক অবক্ষয়হ্রাস পাবে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'ইতিহাসের পাতায় জাতীয় চার নেতা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধুর আদর্শের প্রতি অবিচল থাকার নজিরবিহীন ইতিহাস জাতীয় চার নেতা বিনির্মাণ করে আদর্শের রাজনীতির এক উজ্জ্বল অধ্যায় সৃষ্টি করেছেন বিশ্ব রাজনীতির দরবারে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা